

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.০০৪.২১.২৯৯

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২
২৯ এপ্রিল ২০২৫খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের আওতায় চলমান ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরন এবং আত্মসাৎ/হস্তমজুদ/অনিয়ম রোধকল্পে পাশবহি ব্যবহার ও সংরক্ষণ সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

১. প্রতিটি পাশবহিতে সদস্য'র নাম, আইডি নম্বর, সমিতির নাম, সমিতির আইডি নম্বর, সদস্য'র ছবি (ইউআরডিও কর্তৃক সত্যায়িত) এবং ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে। ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর ব্যতিত কোন পাশবহি ব্যবহার করা যাবে না;
২. প্রকল্প সদর দপ্তর হতে প্রদানকৃত অব্যবহৃত পাশবহিসমূহ ইউআরডিও এর নিয়ন্ত্রণে এআরডি'র হেফাজতে রক্ষিত হবে। কোন অবস্থাতে উন্মুক্তভাবে পাশবহি রাখা যাবে না;
৩. প্রকল্পের আওতাভুক্ত সকল সদস্যের নামে আলাদা আলাদা পাশবহি ইস্যু করতে হবে। উপজেলা পর্যায়ে পাশবহি ইস্যু রেজিস্টার থাকবে। পাশবহি ইস্যু রেজিস্টারে এন্ট্রি ব্যতিত কোন পাশবহি বিতরণ করা যাবে না। পাশবহি ইস্যু রেজিস্টারে ইউআরডিও, এআরডিও, মাঠসংগঠক ও সংশ্লিষ্ট সুফলভোগীর স্বাক্ষর থাকবে। কিস্তিতে আদায়কৃত সঞ্চয় ও ঋণের অর্থ সংশ্লিষ্ট মাঠসংগঠক কর্তৃক পাশবহিতে এন্ট্রিসহ স্বাক্ষর প্রদানপূর্বক সংগ্রহ করতে হবে;
৪. যদি কোন কারণে সুফলভোগীর পাশবহি হারিয়ে যায় বা কোনভাবে ক্ষতিগ্রস্ত হয়, তাহলে তাৎক্ষণিকভাবে মাঠ সংগঠক কর্তৃক সংশ্লিষ্ট সুফলভোগীকে স্বশরীরে অফিসে উপস্থিত করে নতুন পাশবহি ইস্যুকরনের আবেদন দাখিলের উদ্যোগ গ্রহণ করতে হবে। সুফলভোগীর আবেদনের প্রেক্ষিতে ইউআরডিও কর্তৃক তাঁর পূর্বের পাশবহি বাতিলপূর্বক নতুন পাশবহি নির্দেশনা মোতাবেক ইস্যু করতে হবে। পূর্নরায় পাশবহি ইস্যুর ক্ষেত্রে পাশবহি ইস্যু রেজিস্টারে মন্তব্য কলামে তা উল্লেখ করতে হবে;
৫. সুফলভোগীর পাশবহি হারিয়ে গেলে মাঠ সংগঠক কর্তৃক স্বউদ্যোগে আবশ্যিকভাবে অফিস হতে নির্দেশনা অনুযায়ী নতুন পাশবহি ইস্যুর ব্যবস্থা নিবেন। যদি অডিট/পরিদর্শন/তদন্তকালে কোন সদস্যের পাশবহি/সদস্য খুঁজে পাওয়া না যায় তাহলে উক্ত সদস্যের অপরিশোধিত সেবামূল্যসহ ঋণের অর্থ এবং দাবীকৃত সঞ্চয়ের অর্থ সংশ্লিষ্ট মাঠ সংগঠকের আত্মসাৎ/হস্তমজুদ হিসেবে বিবেচিত হবে;
৬. এআরডিও কর্তৃক প্রতি সপ্তাহে প্রত্যেক মাঠ সংগঠকের ন্যূনতম ১টি করে সমিতি দ্বৈবচয়নের ভিত্তিতে সরেজমিনে সমিতির সকল সদস্যের পাশবহি অডিট করতে হবে। অডিটে কোন অনিয়ম/অসংগতি পেলে এবং কোন পাশবহি পাওয়া না গেলে তাৎক্ষণিক লিখিত আকারে ইউআরডিও'র নিকট প্রতিবেদন দাখিলসহ পাশবহি ইস্যু নিশ্চিত করতে হবে। অন্যথায় পাশবহি না পাওয়ার কারণে কোন অর্থ অনাদায়ী/আত্মসাৎ হলে তার দায় সমভাবে এআরডিও'র উপর বর্তাবে;
৭. কোন অবস্থাতেই পাশবহি হস্তান্তর করা যাবে না বা মাঠসংগঠক কর্তৃক সদস্যের নিকট থেকে অফিসে বা অন্য কোন স্থানে স্বাক্ষর করার জন্য নিয়ে আসা যাবে না। সকল সময়ে পাশবহি সদস্যদের নিকট সংরক্ষিত হবে। অডিট বা বিশেষ প্রয়োজনে পাশবহি অফিসে আনয়ন করার প্রয়োজন হলে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের লিখিত অনুমতি প্রয়োজন হবে;
৮. কেউ সদস্যপদ ত্যাগ করলে বা মৃত্যবরণ করলে তার পাশবহিটি উপজেলা দপ্তরে সংরক্ষণ করতে হবে। সদস্য কর্তৃক জমাকৃত পাশবহির হিসাব আলাদা রেজিস্টারে সংরক্ষণ করতে হবে;
৯. ঋণ বিতরণের সময় ঋণের পরিমাণ ও ঋণ বিতরণের তারিখ আবশ্যিকভাবে এআরডিও/ইউআরডিও কর্তৃক লিপিবদ্ধ করে স্বাক্ষর করতে হবে;

১০. প্রতি সদস্যের পাশবহি পর্যায়ক্রমে অডিট করতে হবে। এ ক্ষেত্রে প্রতি অর্থবছরে আবশ্যিকভাবে প্রতিটি ইস্যুকৃত পাশবহি ন্যূনতম ১ বার করে হলেও অডিট করতে হবে। এছাড়া প্রতি মাসে এআরডিও ও হিসাব সহকারী কর্তৃক ন্যূনতম ৬টি সমিতির পাশবহি অডিট রিপোর্ট ইউআরডিও'র স্বাক্ষরে সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
১১. বর্ণিত নির্দেশনা অনুসরণ না করার কারণে যদি কোন ধরনের আর্থিক অনিয়ম/আত্মসাৎ/হস্তমজুদ সংঘটিত হয়, তাহলে এর দায়ভার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে ইউআরডিও, তদারকির দায়িত্বে নিয়োজিত এআরডিও, হিসাব সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত হিসাব সহকারী এবং সংশ্লিষ্ট মাঠ সংগঠকের উপর বর্তাবে।

প্রকল্প/কর্মসূচির স্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.০০৪.২১.২৯৯

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২
২৯ এপ্রিল ২০২৫খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

১. উপপ্রকল্প পরিচালক (সকল), ইরেসপো, বিআরডিবি, ঢাকা
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৩. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা).....
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, (সংশ্লিষ্ট উপজেলা).....
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার/হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো (সংশ্লিষ্ট উপজেলা).....
৭. অফিস নথি/গার্ড ফাইল।


শামীমা আক্তার
সহকারী পরিচালক